# কৃষি ও সেচ সংক্রান্ত বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পষিদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ১২/০৮/২০২১ খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ,বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **জনাব আবু সালেক, উপজেলা কৃষি কর্মকর্তা,** বাঁশখালী সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মুজিব শত বর্ষ উপলক্ষে পুকুরিয়া সাধনপুর, কালীপুর, বৈলছড়ি, শীলকুপ ও চাম্বল ইউনিয়নে নিরাপদ সবজি উৎপাদনের জন্য কর্ণার স্থাপন করা হয়েছে। এ উপজেলায় ১৫০০ হেক্টর জমিতে বোরো চাষের আবাদ করা হয়েছে এবং প্রায় ৩৫০০ হেক্টর জমিতে শীতকালীন সবজি আবাদ হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, মুজিব শত বর্ষ উপলক্ষে প্রতি ইউনিয়নে নিরাপদ সবজির কর্ণার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার বাঁশখালী, চট্টগ্রাম। |
| | **উপজেলা কৃষি অফিসার, বাঁশখালী** সভায় আরও জানান একজন ব্যক্তির স্বাভাবিকভাবে সুস্থ থাকার কমপক্ষে দৈনিক ২০০ গ্রাম ফল খাওয়া উচিত। বর্ষার মৌসুম গাছ রোপনের উপযুক্ত সময়। তাই বেশি ফলজ গাছ রোপন করার জন্য অনুরোধ করেন। প্রতি বছরের ন্যায় এ বছর বর্ষা মৌসুমে উপজেলা পরিষদ থেকে বিনামুল্যে গাছের চারা বিতরণের জন্য সহযোগিতা কামনা করেন। এ উপজেলায় ৪২০জন কৃষককে হাউজ প্রণোদনা আওতায় বীজ ও সার প্রদান করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বর্ষার মৌসুমে বেশি বেশি গাছের রোপন করার বিষয়ে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য ইউ,পি চেয়ারম্যান (সকল)কে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার বাঁশখালী, চট্টগ্রাম। |
| ০২ | **জনাব আ,ন,ম শাহাদত আলম, চেয়ারম্যান, কালীপুর ইউ,পি** সভায় জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন সাধারণ কৃষকরা ধান ক্রয় করার জন্য অ্যাপের মাধ্যমে নিবন্ধন করার বিষয়ে অজ্ঞ। তাই প্রান্তিক কৃষকরা অনলাইনে আবেদন করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন নতুন কৃষি কার্ড ইস্যু করার বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তার সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বোরো ধান সংগ্রহে প্রান্তিক কৃষকরা অনলাইনে আবেদন করার ব্যাপারে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **জনাব মোহাম্মদ মহসিন, চেয়ারম্যান, শীলকুপ ইউ,পি** সভায় জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন পূর্বে স্লুইচ গেইটে একজন করে গার্ড নিযুক্ত ছিল। যেকোনো সমস্যা হলে দ্রুত ঠিক করে দিত। কিন্তু এখন স্লুইচ গেইট নষ্ট হলে তার কোনো সমাধান পাওয়া যায়না। | সভায় বিস্তারিত আলোচনান্তে, স্লুইচগেইট নির্মাণ বা সংস্কার করার জন্য ২.৫ কোটি টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। স্লুইচগেইট নির্মাণ বা সংস্কারের প্রস্তাব প্রেরণ করায় উপজেলা পরিষদ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৮/২০২১

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১- ৫০১

তারিখ ঃ ১২/০৮/২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান.............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

আবু সালেক
উপজেলা কৃষি কর্মকর্তা
বাঁশখালী,চট্টগ্রাম

# কৃষি ও সেচ সংক্রান্ত বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পষিদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ১৮/০১/২০২২ খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা ,বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **জনাব আবু সালেক, উপজেলা কৃষি অফিসার, বাঁশখালী** সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। বর্তমানে কৃষিতে এ উপজেলা ভালো অবস্থানে থাকায় মাননীয় সংসদ সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ বছর পরপর দুইবার বৃষ্টির পানি ও পাহাড়ী ঢলের পানিতে কৃষকের বীজতলা প্লাবিত ও ফসল নষ্ট হয়েছে। ছড়াসমূহ ভরাট হয়ে যাওয়া ও স্লুইচ গেইট নষ্ট থাকায় দ্রুত এলাকা প্লাবিত হয়ে ভিটা ভূমি ও কৃষি জমি নষ্ট হচ্ছে। তাই ভরাটকৃত ছড়াসমূহ খনন ও স্লুইচ গেইট মেরামত করা হলে প্লাবনের পরিমাণ কমে আসবে এবং কৃষিজাত দ্রব্যের উৎপাদন বৃদ্ধি পাবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষি বান্ধব সরকার বিধায় কৃষকদের কৃষি যন্ত্রপাতি ক্রয়ে ৭০% ভূর্তকি দিচ্ছে। তিনি আরও বলেন কৃষকদের সুবিধার্থে উপজেলার উত্তর ও দক্ষিণ দিকে খাদ্য গুদাম স্থাপনের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বৃষ্টি পানি ও পাহাডী ঢলের পানির প্লাবন রোধকল্পে ভরাটকৃত ছড়া খনন ও অকেজো স্লুইচ গেইট দ্রুত মেরামত করার জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বাপাউবোকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার বাঁশখালী, চট্টগ্রাম।<br>২। উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বাপাউবো |
| | **উপজেলা কৃষি কর্মকর্তা, বাঁশখালী সভায়** আরও জানান বাঁশখালীতে ৩০০ হেক্টর জমিতে দেশীয় ও ফরাস জাতীয় শিমের চাষবাদ হয়েছে। পুইছড়ি, চাম্বল,শীলকুপ, পুকুরিয়া, সাধনপুর, কালীপুর, বৈলছড়ি, সরল, খানাখানাবাদ ও গন্ডামারা এলাকায় প্রচুর শিম উৎপাদন হয়েছে। শিমের বামপার ফলন ও প্রচুর পরিমাণে শীতকালীন সবজি উৎপাদন হওয়ায় কৃষকরা সন্তুষ্ট। | সভায় বিস্তারিত আলোচনান্তে, কৃষি সমৃদ্ধ দেশ গড়তে আবাদী জমিতে বিভিন্ন প্রজাতির সবজি উৎপাদনে কৃষকদের সাথে ওয়ার্ড পর্যায়ে মতবিনিময় করার জন্য উপজেলা কৃষি অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার বাঁশখালী, চট্টগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০২ | **জনাব মোহাম্মদ মহসীন, চেয়ারম্যান, শীলকুপ ইউ,পি** সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন গত ০৩/১০/২০১০খ্রিঃ তারিখে ইউনিয়ন খুচরা সার ডিলার কমিটির সভায় ডিলার নিয়োগ বিষয়ে ০৪ জন ব্যক্তি ডিলারের জন্য আবেদন করেন। তাদের আবেদন যাচাই বাছাই শেষে তার ইউনিয়নের ৭নং ওয়ার্ডে মোহাম্মদ ইদ্রিস, পিতা- মৃত আব্দুল মজিদকে ওয়ার্ড ভিত্তিক খুচরা ডিলার নিয়োগের জন্য তৎকালীন ইউ,পি চেয়ারম্যান জনাব আক্তার হোসেন এম এ উক্ত ব্যক্তিকে খুচরা ডিলারশীপ নিয়োগের জন্য উপজেলা খুচরা সার ডিলার কমিটি বরাবর প্রস্তাব প্রেরণ করেন। এমতাবস্থায় উপজেলা খুচরা সার ডিলার কমিটির মৌখিক সিদ্ধান্ত ও ইউনিয়ন পরিষদের প্রস্তাবনা অনুযায়ী জনাব মোহাম্মদ ইদ্রিস অদ্যাবধি সার বিক্রি করে আসছে। কিন্তু উপজেলা বীজ ও সার কমিটি এখনও পর্যন্ত তাকে লিখিতভাবে ডিলারশীপ নিয়োগ দেয়নি। পরবর্তীতে জনাব মোজাম্মেল হক সিকদার, প্রাক্তন ইউ,পি চেয়ারম্যান উক্ত ব্যক্তিকে ডিলার নিয়োগের জন্য উপজেলা বীজ ও সার কমিটির নিকট প্রস্তাব প্রেরণ করেন। তাই সাবেক ইউ,পি চেয়ারম্যানদ্বয়ের সুপারিশকৃত উক্ত ব্যক্তিকে তার ইউনিয়নের ৭নং ওয়ার্ডে ডিলার নিয়োগের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, শীলকুপ ইউনিয়নের ৭নং ওয়ার্ডে মোহাম্মদ ইদ্রিস, পিতা- মৃত আব্দুল মজিদকে ওয়ার্ড ভিত্তিক খুচরা ডিলার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০২/২০২২ ইং

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

তারিখ ঃ ১৮/০১/২০২২ খ্রি.

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২২-১৪

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বাঁশখালী, চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

আবু সালেক
উপজেলা কৃষি কর্মকর্তা
বাঁশখালী, চট্টগ্রাম

CamScanner